রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, আগস্ট ১৪, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩/১০ আগস্ট ২০২৬

**নং ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১ (অংশ-৩).২৬৮**—ঔষধ ও কসমেটিক্স আইন, ২০২৩ এর ১২ ধারা অনুযায়ী নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'ঔষধ নিয়ন্ত্রণ কমিটি' পুনর্গঠন করা হলো:

| ক্রমিক | পদবি/প্রতিষ্ঠান | অবস্থান |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | উপাচার্য, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৩ | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৪ | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৫ | মহাপরিচালক, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর | সদস্য |
| ৬ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৭ | ডিন, ফার্মেসি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৮ | চেয়ারম্যান, ফার্মাকোলজি বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৯ | চেয়ারম্যান, মেডিসিন বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| ক্রমিক | পদবি/প্রতিষ্ঠান | অবস্থান |
|---|---|---|
| ১০ | চেয়ারম্যান, সার্জারি বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১১ | চেয়ারম্যান, অবসটেট্রিকস অ্যান্ড গাইনোকোলজি বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১২ | চেয়ারম্যান, শিশুরোগ বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৩ | চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৪ | পরিচালক, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ১৫ | রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল শিক্ষা কাউন্সিল | সদস্য |
| ১৬ | রেজিস্ট্রার, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন | সদস্য |
| ১৭ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন আইন বিশেষজ্ঞ | সদস্য |
| ১৮ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ | সদস্য |
| ১৯ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট চিকিৎসক | সদস্য |
| ২০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন ভ্যাকসিন বিশেষজ্ঞ | সদস্য |
| ২১ | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর | সদস্য-সচিব |

**পর্যবেক্ষক:**

সভাপতি ও মহাসচিব, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা কমিটির সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকতে পারবেন।

**১। কমিটির কার্যপরিধিঃ**

(ক) ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটির মূল্যায়ন/সুপারিশের ভিত্তিতে ঔষধ ও কসমেটিকস আইন-২০২৩ এর ২৮ ধারা এর অধীন ঔষধ নিয়ন্ত্রণ কমিটি কার্যক্রম গ্রহণ করবে;

(খ) কারিগরি উপকমিটি এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের মূল্যায়ন ও সুপারিশ বিবেচনা করে নতুন ঔষধ, নতুন ঔষধরূপ, নতুন মাত্রা এবং গুরুত্বপূর্ণ পরিবর্তনের নিবন্ধনের সুপারিশ, স্থগিত বা প্রত্যাখ্যানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা। যে সকল ঔষধ উৎপাদন বা আমদানি করা যেতে পারে, সেসকল ঔষধের নিরাপত্তা, কার্যকারিতা ও ব্যবহার উপযোগিতার নিরূপণের নিমিত্ত মূল্যায়ন করা;

(গ) নিবন্ধিত ঔষধের বিরূপ প্রতিক্রিয়া, কার্যকারিতা হ্রাস, গুণগত ত্রুটি অথবা নতুন বৈজ্ঞানিক তথ্যের ভিত্তিতে লেবেল পরিবর্তন, ব্যবহার সীমিতকরণ, অতিরিক্ত নজরদারি, বাজার থেকে প্রত্যাহার এবং নিবন্ধন স্থগিত, সংশোধন, বাতিল বা পুনর্বহালের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা;

(ঘ) প্রয়োজন অনুযায়ী কোনো বিষয় কারিগরি উপকমিটি বা অন্য কোনো বিশেষায়িত উপকমিটির নিকট পর্যালোচনার জন্য প্রেরণ করা, অতিরিক্ত তথ্য বা বিশেষজ্ঞ মতামত চাওয়া এবং প্রাপ্ত সুপারিশ বিবেচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা; এবং

(ঙ) অন্য যেকোনো সুনির্দিষ্ট বিষয় যা ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ এর অধীন প্রণীত বিধির আওতায় বিজ্ঞাপিত হবে সে বিষয়ে পর্যালোচনাপূর্বক মতামত প্রদান করা।

২। মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ ও প্রতিনিধিদের মেয়াদ সাধারণত তিন বছর হবে; প্রয়োজন অনুযায়ী একবার পুনঃমনোনয়ন করা যেতে পারে।

৩। কমিটি প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ বা প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ বা কো-অপ্ট করতে পারবে।

৪। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের গত ২৪ জুলাই ২০২৫ তারিখে জারীকৃত নম্বর ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১.১৫১ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাফিকুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd